



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৮২৯.২২.২০১

তারিখ: ১০ কার্তিক ১৪২৯

২৬ অক্টোবর ২০২২

বিষয়: কৃষকের অ্যাপের মাধ্যমে কৃষকের নিকট হতে ধান ও ডিজিটাল চাল সংগ্রহ ব্যবস্থাপনা সফটওয়্যারের মাধ্যমের মিলারের নিকট হতে চাল সংগ্রহপূর্বক WQSC এর মাধ্যমে মূল্য পরিশোধ।

সূত্র: ১। প্রশাসন বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৩১.৩২.০০৬.১৯(অংশ-১).৩৯৯(১২), তারিখ ৩১/০৮/২০২২ খ্রি।

২। কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর এর স্মারক নং ১৩.০১.০০০০.১০০.৩১.০২৭.০১৯.৩১৩, তারিখ: ১৫/১১/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ২০/০৭/২০২২ খ্রি তারিখ থেকে ২৩/০৭/২০২২ খ্রি তারিখ পর্যন্ত জনাব মোঃ মাহমুদ হাসান, পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা ফরিদপুর জেলার ভাংগা খাদ্যগুদাম ও বাগেরহাট জেলার ফকিরহাট খাদ্য গুদাম পরিদর্শনকালে কৃষকের অ্যাপ এর মাধ্যমে ধানের মূল্য পরিশোধের ক্ষেত্রে System Generated WQSC এর মাধ্যমে মূল্য পরিশোধকালীন মূল ডলাইকিউএসসি এর নম্বর ব্যবহারপূর্বক অফিস কপি সংশ্লিষ্ট WQSC এর বই-এ পেস্ট করে সংরক্ষণ করা হয়েছে দেখতে পান। কিন্তু মূল WQSC-র ৪টি কপি ফ্রেশ থাকার কারণে তা পুনঃব্যবহারের ফলে সরকারি আর্থিক ক্ষতির আশংকা রয়েছে মর্মে তিনি পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করেছেন।

উল্লেখ্য, খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট থেকে সূত্রস্থ ২নং স্মারকে জারিকৃত পত্রে কৃষকের অ্যাপের মাধ্যমে কৃষকের নিকট হতে ধান এবং ডিজিটাল চাল সংগ্রহ ব্যবস্থাপনা সফটওয়্যারের মাধ্যমে মিলারের নিকট হতে চাল সংগ্রহপূর্বক WQSC এর মাধ্যমে মূল্য পরিশোধের ক্ষেত্রে নিয়ন্ত্রণ নির্দেশনা প্রদান করা হয়েছে:

- (১) WQSC ইস্যু করার সময় WQSC বহিতে উল্লিখিত WQSC নম্বর অন-লাইনে ইস্যুকৃত WQSC-তে বসাতে হবে;
- (২) WQSC উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক অনুমোদনের পর অন-লাইন হতে প্রিন্ট করে ম্যানুয়াল WQSC বহিতে উল্লিখিত নম্বরের WQSC সাথে পিন-আপ/সেলাই করে সংরক্ষণ করতে হবে;
- (৩) অন-লাইন WQSC ইস্যুর ক্ষেত্রে ম্যানুয়াল WQSC ইস্যু করার প্রয়োজন নেই।

এমতাবস্থায়, খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট থেকে সূত্রস্থ ২নং স্মারকে জারিকৃত নির্দেশনার পাশাপাশি প্রতিবেদন অভ্যন্তরীণ আমন ও বোরো সংগ্রহ মৌসুমে স্ব স্ব বিভাগের জেলাসমূহের খাদ্য গুদামে কৃষকের অ্যাপ ও ডিজিটাল চাল সংগ্রহ ব্যবস্থাপনা সফটওয়্যার এর আওতায় System Generated WQSC এর মাধ্যমে ধান ও চালের মূল্য পরিশোধের পর নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।


- (১) মূল WQSC এর কপির সাথে System Generated WQSC এর কপি পেস্ট করতে হবে;
- (২) মূল WQSC এর ৪ কপিতে System এ সংশ্লিষ্ট WQSC-তে মূল WQSC-র নম্বর ব্যবহার করা হয়েছে বক্তব্যটি লিখতে হবে;
- (৩) মূল WQSC এর ৪টি কপিই লাল কালি দ্বারা ক্রস মার্কিং করে বাতিল করতে হবে;
- (৪) মূল WQSC-এর ৪টি কপি বাতিলপূর্বক সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের স্বাক্ষর

থাকতে হবে;

(৫) সাংগঠিক ভিত্তিতে ব্যবহৃত WQSC-এর বিবরণী তৈরি করে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসহ সংশ্লিষ্ট পেয়িং ব্যাংক-এ প্রেরণ করতে হবে।

বিষয়গুলো জরুরিভিত্তিতে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্যবস্থাপক, চলাচল ও সংরক্ষণ কর্মকর্তা এবং ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তাদের পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। বিষয়টি সরকারি স্বার্থে গুরুত্বপূর্ণ বিবেচ্য।

এতে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের অনুমোদন রয়েছে।



২৭-১০-২০২২

মোঃ রায়হানুল কবীর
পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭


ইমেইল: dproc@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮২৯.২২.২০১/১(১২)

তারিখ: ১০ কার্তিক ১৪২৯
২৬ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



২৭-১০-২০২২

মোঃ রায়হানুল কবীর
পরিচালক